মেহেরপুর সরকারী মহিলা কলেজে নবীনবরণ

মেহেরপুর সরকারী মহিলা কলেজে নবীনবরণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার কলেজ অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিনের সভাপতিত্বে এবং গণিত বিভাগের সহকারী অধ্যাপক ডঃ সারোয়ার হোসেন ও ইংরেজী বিভাগের প্রভাষক রেক্সোনা খাতুনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর ডঃ এ কে এম নজরুল কবীর।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন নবীনবরণ উৎযাপন কমিটির আহবায়ক বাংলা বিভাগের বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, শিক্ষক পরিষদের সম্পাদক ও অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল হামিদ, মেহেরপুর সরকারী কলেজের বাংলা বিভাগের বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথ্যা, মেহেরপুর সরকারী কলেজের পদার্থবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক খসরু ইসলাম, সরকারী মহিলা কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মিরাজ উদ্দীনসহ কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

জাতীয় সংগীতের মধ্যে দিয়ে এ অনুষ্ঠানের শুভ সুচনা করা হয়। দিনব্যাপী কলেজের এ নবীনবরণ উপলক্ষ্যে কলেজের শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক আনন্দ ও উদ্দীপনা দেখা যাচ্ছে। কলেজ ক্যাম্পাস আজ রঙ্গিন সাজে সজ্জিত হয়েছিল। শিক্ষার্থীরা তাদেরকে বরণ করে নেয়ায় খুব খুশী ও আনন্দে উদ্বেলিত হয়েছিল। নবীন শিক্ষার্থীদের ফুলেল শুভেচ্ছায় বরণ করে নেয়া হয়। এছাড়া শিক্ষা ক্যাডার থেকে যোগদান করা শিক্ষকদের ও বরণ করে নেয়া হয়। কলেজের বিএনসিসি ও গার্ল ইন রোভার স্কাউটস গ্রুপের সার্বিক শৃঙ্খলায় অনুষ্ঠানের সার্বিক পরিবেশ চমৎকার ও দৃষ্টিনন্দন হয়ে ওঠেছিল।

প্রধান অতিথির বক্তব্য মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর নজরুল কবীর বলেন, শিক্ষাকে আনন্দময় করতে সহপাঠ্য হিসেবে শিক্ষার্থীদের পাঠে মনোযোগী ও আকর্ষনীয় করতে এবং শিক্ষায় আগ্রহী করতে এ জাতীয় অনুষ্ঠান গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করে। শিক্ষাকে আনন্দময় করে তুলতে শিক্ষার্থীদের পাঠে আগ্রহী করতে এবং সামনের দিকে এগিয়ে নিতে কাজ করতে হবে।

তিনি বলেন, শিক্ষার কোন শর্টকাট পদ্বতি নাই। অনুশীলন ও কঠোর পরিশ্রমের মাধ্যমে শিক্ষার্থীদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। শিক্ষার্থীদের সাফল্য আমাদের গর্ব করে আমাদের আনন্দ দেয় বলে তিনি জানান। সুন্দর বাংলাদেশ গঠনে, রাস্ট্র ও সমাজের যোগ্য নাগরিক হিসেবে গড়ে ওঠতে সবাইকে লেখাপড়ার প্রতি মনোযোগী হওয়ার আহবান জানান। তিনি জানান শিক্ষাকে উপভোগ করতে হবে। সত্যিকারের মানবিক মানুষ হওয়ার আহবান জানান।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে কলেজের শিক্ষার্থীদের আয়োজনে নাচ, গান, কবিতা আবৃতিসহ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ পর্বে মনোমুগ্ধকর নাচ ও গানে শিক্ষার্থীরা আনন্দ উপভোগ করে।

মুজিবনগরে সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতি লিঃ ৯ম বার্ষিক সাধারণ সভা

“সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ ” এই স্লোগান কে সামনে রেখে মুজিবনগরে সুপ্রতিবেশী মহিলা সমবায় সমিতি লি: ৯ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্টর অফিস এবং সু-প্রতিবেশী মহিলা সমবায় অফিস প্রাঙ্গনে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানে সু প্রতিবেশী মহিলা সমবায় সমিতি এর সভাপতি রেহেনা খাতুন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য শাবানা খাতুন এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক, জেলা উপসহকারী নিবন্ধকক এনামুল হক, উপজেলা সহকারী পরিদর্শক শাহিনুজ্জামান,

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রিফাত আল মাহমুদ, সমবায় সমিতির কো- অপারেটিভ অফিসার রিয়াজউদ্দিন, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ফেসিলেটর মেহেদী হাসান, সমবায় সমিতির সম্পাদক আঞ্জুয়ারা খাতুন।

বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সমবায় সমিতির ১৫৭৩ জন সদস্য মধ্য এবং চলতি অর্থবছরের ১৪৫৮ জন সদস্যদের মাঝে বার্ষিকী হিসাব-নিকাশ লাভ লোকসান তুলে ধরেন সমিতির কোষাধ্যক্ষ নাসিমা খাতুন।

চুয়াডাঙ্গার দর্শনায় ১১ টি স্বর্ন বারসহ মহিলা চোরাকারবারি আটক

চুয়াডাঙ্গার দর্শনায় ৬ বিজিবি চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ১ কেজি ৩২০ গ্রাম ওজনের ১১ টি স্বর্নের বারসহ মোছাঃ তাছলিমা খাতুনকে (২৫) চোরাচালানীকে আটক করে। আটককৃত তাছলিমা পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের কামারপাড়া গ্রামের রেজাউল করিমের মেয়ে।

রবিবার ৩ মার্চ সকাল ১০ টার দিকে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এর অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান,পিএসসির নেতৃত্বে,অভিযান চালায় দর্শনার ছয়ঘরিয়া গ্রামে।

এ সময় ৬ বিজিবির সুলতানপুর ক্যাম্পের বিওপি কমান্ডার সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্তের মেইন পিলার ৭৮ হতে আনুমানিক ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে ছয়ঘরিয়া পাঁকা রাস্তার উপর মসজিদের সামনে এ্যাম্বুশ করে।

পরে বিজিবি একটি ইজিবাইক সীমান্তের দিকে কয়েকজন যাত্রী নিয়ে যাচ্ছে।ইজিবাইকটি সন্দেহ হলে তল্লাশি শুরু করে।তল্লাশি চলা কালে একজন মহিলার গতিবিধি সন্দেহজনক মনে হয় পরে তাকে আটক করে। পরে তাছলিমার দেহ তল্লাশি করে ১১ টি স্বর্নের বার উদ্ধার করে।

আটককৃত বার গুলির আনুমানিক বাজার মৃল্যে ১কোটি ৩০ লাখ টাকা।এ ঘটনায় আটককৃত মহিলা চোরাচালানী তাছলিমা খাতুনের বিরুদ্ধে নায়েক মোঃ দিদার বাদশা বাদী হয়ে দর্শনা থানায় মামলা করেছে।জব্দকৃত স্বর্ণের বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

দামুড়হুদায় এপিএ চুক্তির অধীনে মহিলা সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদার মজলিশপুর গ্রামে এপিএ চুক্তির অধীনে মহিলা সমাবেশ অনুষ্ঠিত। বুধবার সকাল সাড়ে ১০ টায় চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসের আয়োজনে দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের মজলিশপুর গ্রামে মঈনুল মেম্বারের বাড়ীর পাশে এপিএ চুক্তির অধীনে মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জেলা সহকারী তথ্য অফিসার রুস্তম আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে এপিএ চুক্তির অধীনে মহিলা সমাবেশে বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার আমিনুল ইসলাম। এসময় তিনি নারীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মূল্যবান বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জুড়ানপুর ইউনিয়ন পরিষদের সদস্য মঈনুল ইসলাম, আবুল বাশার, সিরাজুল ইসলাম সহ উপস্থিত ছিলেন স্থানীয় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।